



নিউ ইয়র্ক-এর অ্যাটর্নি জেনারেল Letitia James-এর অফিস

# নিউ ইয়র্কের ভোটাররা, ভাষা সহায়তা পাওয়ার ক্ষেত্রে আপনার অধিকারগুলি জানুন

ভোট দিন,  
এটি আপনার  
অধিকার

## আপনার ভোট দেওয়ার জন্য কারও সাহায্য নেওয়ার আপনার অধিকার আছে

আপনি দৃষ্টিহীন, প্রতিবন্ধী অথবা ইংরেজিতে পড়া বা লেখার ক্ষেত্রে অসুবিধার কারণে যদি ভোট দেওয়ার জন্য সাহায্যের প্রয়োজন হয়, তবে আপনাকে সাহায্য করার জন্য আপনার ভোটকেন্দ্রে কাউকে নিয়ে আসতে পারেন।

এই ব্যক্তি:

- **হতে পারেন** একজন অপ্রাপ্তবয়স্ক, পরিবারের সদস্য, বন্ধু বা অন্য কেউ
- একজন যুক্তরাষ্ট্র নাগরিক বা নিবন্ধিত ভোটার **হওয়া বাধ্যতামূলক নয়**
- আপনার নিয়োগকারী, আপনার নিয়োগকারীর কোনো এজেন্ট অথবা আপনার ইউনিয়নের কোনো অফিসার বা এজেন্ট **হতে পারবেন না**

যদি আপনাকে সাহায্য করার মতো কেউ না থাকেন, তবে বিভিন্ন রাজনৈতিক দলের দুইজন ভোটকর্মী অথবা একজন মনোনীত দোভাষী আপনাকে সাহায্য করতে পারেন।

আপনার ভোট সহায়ক আপনাকে সম্পূর্ণ ভোটদান প্রক্রিয়া জুড়ে সাহায্য করতে পারেন, এমনকি ভোটদানের বুথের ভেতরেও। তারা আপনাকে অনুচিতভাবে প্রভাবিত করবে না বলে তাদের একটি শপথ নিতে হতে পারে।

## ভাষা সহায়তা সংক্রান্ত প্রশ্নাবলি

নিউ ইয়র্ক-এর অ্যাটর্নি জেনারেলের অফিস-এর  
সঙ্গে যোগাযোগ করুন।

[votinglanguage@ag.ny.gov](mailto:votinglanguage@ag.ny.gov)

## ভোটদানের সংস্থান



[ag.ny.gov/voting-rights](https://ag.ny.gov/voting-rights)

## আপনার ভোটকেন্দ্রকে নির্দিষ্ট ভাষায় অ্যাক্সেসের জন্য কিছু সংস্থান প্রদান করার প্রয়োজন হতে পারে

New York Voting Rights Act (নিউ ইয়র্কের ভোটাধিকার আইন) এবং ফেডারেল আইন অনুযায়ী কিছু নির্বাচন বোর্ড, কাউন্টি, শহর, টাউন, ভিলেজ এবং স্কুল ডিস্ট্রিক্টের এমন ব্যক্তিদের সাহায্য প্রদান করা আবশ্যিক যারা ভালোভাবে ইংরেজিতে কথা বলতে বা পড়তে পারেন না।

এই প্রয়োজনীয়তাগুলির মধ্যে রয়েছে:

- ভোটারদের নিবন্ধন করতে, নির্বাচনের বিস্তারিত তথ্য জানতে এবং ভোট দিতে সাহায্য করার জন্য ইংরেজিতে উপলভ্য **সমস্ত ভোটিং উপকরণ এবং নির্বাচনের তথ্য** আবশ্যিক ভাষাগুলোতেও পাওয়া যাওয়া নিশ্চিত করা
- অনূদিত **লিখিত উপকরণ** প্রদান করা, যার মধ্যে রয়েছে ব্যালট, ভোটার নিবন্ধনের ফর্ম এবং অনুপস্থিত থেকে ও ডাক মারফত ভোটদানের পরিচিতি সহ অন্যান্য লিখিত তথ্য
- **মৌখিক ভাষা সহায়তা** প্রদান করা, যেমন দোভাষী বা দ্বিভাষিক ভোটকর্মীদের মাধ্যমে

## আপনার স্থানীয় নির্বাচন বোর্ড ভাষা সহায়তা প্রদান করে কি না তা জানতে তাদের সাথে যোগাযোগ করুন



স্থানীয় নির্বাচন বোর্ড

ফেডারেল এবং স্টেট আইন অনুযায়ী যে সকল  
কাউন্টি, শহর, টাউন এবং ভিলেজের এই সংস্থানগুলি  
প্রদান করা আবশ্যিক, তাদের তালিকা দেখুন



ফেডারেল আইন



স্টেট আইন